দৈনিক জনকণ্ঠ

২৭/৩/২০০৩

তারিখ ........ পৃষ্ঠা ১২ কলাম ৬

# অন্য দেশে পড়াশোনা মেডিক্যাল ও ডেন্টাল

পৃথিবীর প্রায় সব দেশই শিক্ষা গ্রহণের জন্য তার সীমান্তের দ্বার খুলে রেখেছে। আর এই সীমান্তের খোলা দ্বার পেরিয়ে বিশ্বের নাম করা বিশ্ববিদ্যালয়ে পড়ালেখার আকাঙ্ক্ষা কম বেশি সব শিক্ষার্থীর মধ্যেই থাকে। কিন্তু প্রবল ইচ্ছা আর সামর্থ্য থাকার পরও শুধুমাত্র সঠিক পদ্ধতি জানা না থাকায় অনেক শিক্ষার্থীর বিদেশে পড়ালেখার ইচ্ছা মনের গভীরেই থেকে যায়।

বিশ্বের বিভিন্ন দেশে শিক্ষার্থীদের জন্য রয়েছে হাজারও সুযোগ-সুবিধা। যেমন ইউরোপের কোন একটি দেশে পড়ালেখা করলে ছাত্রছাত্রীদের 'কনসেশন কার্ড', নামক এক বিশেষ ধরনের কার্ড দেয়া হয়। এই কার্ড ব্যবহার করে শিক্ষার্থীরা সমগ্র ইউরোপ বিমান-বাস-ট্রেনে কনসেশনে ভ্রমণ করতে পারেন। আবার পৃথিবীর এমন অনেক দেশ আছে যেখানে ছাত্রছাত্রীরা পড়ালেখার পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠানে পার্টটাইম, ফুলটাইম চাকরিও করতে পারেন। ক্যাম্পাসের আজকের বিশেষ প্রতিবেদনে পৃথিবীর বিভিন্ন দেশে মেডিক্যাল ও ডেন্টাল সায়েন্স নিয়ে পড়াশোনার বিস্তারিত তথ্য থাকছে।

**শুরু করুন প্রস্তুতি**

প্রথমে আপনাকে ঠিক করতে হবে আপনি কোন্ দেশে পড়তে যেতে চান। এর পর ঠিক করুন সেই দেশের কোন্ বিশ্ববিদ্যালয়ে পড়তে চান। পৃথিবীর প্রায় সব দেশই টোফেল স্কোর চায়। এ ক্ষেত্রে আপনাকে অবশ্যই টোফেল করতে হবে। অনেক দেশ আছে যেখানে পড়াশোনার মাধ্যম হিসাবে নিজেদের ভাষাকে ব্যবহার করে। যেমন জাপান, চীন, কানাডা প্রভৃতি দেশে তাদের নিজেদের ভাষায় শিক্ষা দিয়ে থাকে। সুতরাং ভালভাবে খোঁজ-খবর নিয়ে ভাষাটাও শিখে রাখতে হবে।

**সব কিছু জানার উপায়**

বিশ্বের কোন্ বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার পরিবেশ কেমন, থাকা-খাওয়ার সুবিধা, মাসিক খরচ, ভর্তির পদ্ধতি, আবেদনের সময় জবের সুযোগ-সুবিধা প্রভৃতি সম্পর্কে খুব ভালভাবে জানার সহজ উপায় হলো সংশ্লিষ্ট দেশের বিশ্ববিদ্যালয়ের সাথে চিঠির মাধ্যমে যোগাযোগ। বিশ্বের যে কোন প্রান্ত থেকে চিঠি লিখলেই তারা একটি প্রসপেক্টাস পাঠিয়ে থাকে যেখানে উল্লিখিত তথ্যসমূহ সুন্দরভাবে লেখা থাকে। সুতরাং নিম্নে প্রদত্ত যে কোন দেশের বিশ্ববিদ্যালয়ে চিঠি লেখে আপনি আপনার কাঙ্ক্ষিত তথ্য জেনে নিতে পারেন।

**কখন যোগাযোগ করবেন**

বিশ্বের বিভিন্ন দেশে বিভিন্ন সময়ে শিক্ষাবর্ষ শুরু হয়। আপনি যে দেশে পড়তে যেতে চান বলে ভাবছেন সে দেশের শিক্ষাবর্ষ শুরুর কমপক্ষে এক বছর আগে থেকেই যোগাযোগ করা ভাল। কারণ বিদেশের যে কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়াসম্পন্ন করতে অনেক সময় ব্যয় হয়। এটা মূলত ভিসা-পাসপোর্ট প্রভৃতির জটিলতার কারণে হয়ে থাকে।

**চিঠি লিখুন বিশ্ববিদ্যালয়ে**

1. BOSTON UNIVERSITY, 147 Bay State Rd. Boston, MA 02215 USA.
2. UNIVERSITY OF MICHIGAN, Ann Arbor, MI 48109, USA.
3. UNIVERSITY OF MISSISSIPPI, Lafayette CO. MS 38677, USA.
4. COLUMBIA UNIVERSITY, Morningside Hieghts. New York, NY 10027, USA.
5. UNIVERSITY OF PENNSYLVANIA, PHILADELPHIA. PA19104, USA.
6. UNIVERSITY OF NEW SOUTH WALES, PO Box-1, Kensington, Sydney, NSW 2033, Australia.
7. UNIVERSITY OF SYDNEY, Sydney, NSW 2006, Australia.
8. QUEENSLAND UNIVERSITY OF TECHNOLOGY, PO Box 2434, Brisbane, Qld 4001, Australia.
9. UNIVERSITY OF QUEENSLAND, St Lucia, Qld 4072, Australia.
10. UNIVERSITY OF ADELAIDE, Adelaide, SA 5001, Australia.
11. MONASH UNIVERSITY, Wellington Road, Clayton, Victoria 3168, Australia.
12. CABOT INSTITUTE OF APPLIED ARTS AND TECHNOLOGY, PO Box 1693, Prince Philip Drive, St Jhon's New foundland A1C5P7, Canada.
13. HIROSHIMA UNIVERSITY, 3-2 Kagamiyama, 1-Chome, Higashi-Hiroshima 739, Japan.
14. KOBE UNIVERSITY, 1-1 Rokkodai-cho, Nada-Xu, Kobe 657, Japan.
15. HIROSAKI UNIVERSITY, 1 Bunkyo-cho, Hirosaki-shi 036, Japan.
16. AKITA UNIVERSITY, 1-1 Tegata Gakuenmachi, Akita City 010, Japan.
17. CHIBA UNIVERSITY, 1-33 Yayoi-Cho, Inage-Ku, Chiba 263, Japan.
18. YAMAGATA UNIVERSITY, 1-4-12 Koshirakawamachi, Yamagata City 990, Japan.
19. TOHOKU UNIVERSITY, 1-1-2 Chime, Katatira, Aoba-ku, Sendai 980-77, Japan.
20. SHINSHU UNIVERSITY, Asahi 3-1-1, Matsumoto, Naganoken, Japan.